



রাষ্ট্রদ্রোহ মামলাসহ পাঁচ মামলায় চিন্ময় দাসের জামিন রায় ১০ মে



চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারী। ছবি:সংগৃহীত

চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর জামিন প্রশ্নে দায়ের করা রুলের শুনানি শেষ করেছে হাইকোর্ট। পৃথক পাঁচ মামলায় তার জামিন নিয়ে রায় ঘোষণার জন্য আগামী ১০ মে দিন ধার্য করা হয়েছে।

বৃহস্পতিবার (৭ মে) বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। শুনানিতে চিন্ময় দাসের পক্ষে আইনজীবী অপূর্ব কুমার ভট্টাচার্য অংশ নেন।

এর আগে জাতীয় পতাকা অবমাননার অভিযোগে দায়ের করা রাষ্ট্রদ্রোহ মামলায় ২০২৫ সালের ৩০ এপ্রিল হাইকোর্ট তাকে জামিন দেন। তবে পরবর্তীতে পৃথক পাঁচ মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়। এ বিষয়ে জামিন চেয়ে দায়ের করা আবেদনের ওপর ২০২৫ সালের ১ সেপ্টেম্বর রুল জারি করেছিল হাইকোর্ট।

মামলার সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৩১ অক্টোবর চট্টগ্রামের কোতোয়ালি থানায় ফিরোজ খান নামে বিএনপি নেতার দায়ের করা মামলায় চিন্ময় কৃষ্ণ দাসসহ ১৯ জনকে আসামি করা হয়। পরবর্তীতে ২৫ নভেম্বর তাকে গ্রেফতার করা হয়। একই বছরের নভেম্বর মাসে আদালতের কার্যক্রম ঘিরে উত্তেজনার সময় চট্টগ্রাম আদালত প্রাঙ্গণে সংঘর্ষ ঘটে, যেখানে আইনজীবী সাইফুল ইসলাম নিহত হন।